

## শক্তির দাবিতে শিক্ষক-কর্মকর্তাদের আন্দোলন অব্যাহত খুবির সাবেক ভিসি সাইফুদ্দিন শাহ'র দুর্নীতি তদন্তে ইউজিসি'র কমিটি

খুলনা ব্যঙ্গো

খুলনা বিশ্ববিদ্যালয়ের সদস্য বিদায়ী ভিসি প্রফেসর ড. মো. সাইফুদ্দিন শাহ'র মেয়াদকালে জমি জাবিজ্যতিসহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি তদন্তে মন্ত্রণালয়ের নির্দেশে ও সদস্যের কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। জমি জাবিজ্যতিসহ বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ মাধ্যম নিয়ে মেয়াদ শেষের একদিন পার হতে না হতেই এ তদন্ত কমিটি গঠন করা হলো। উল্লেখ্য, গত ১৫ অক্টোবর উপাচার্য হিসেবে সাইফুদ্দিন শাহ'র মেয়াদ শেষ হয়। সর্গস্ত্রি সূত্র জানায়, ইউজিসি'র পূর্বকালীন সদস্য প্রফেসর ড. মো. মহকুত বানকে সভাপতি করে ও সদস্যের এ তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য দু'জন হলেন, ইউজিসি'র সদস্য অধ্যাপক ড. আবুল হাসেম (সদস্য) এবং উপসচিব ফেরদৌস জামান (সদস্য সচিব)। এ ব্যাপারে তদন্ত কমিটির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ মহকুত বান বলেন, ভিসি সাইফুদ্দিন শাহ'র আমলের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির সংবাদ বিভিন্ন সাবেক : পৃষ্ঠা : ২ ক : ৬

### সাবেক ভিসি

(১৬ পৃষ্ঠার পর)

মাধ্যমে ইউজিসিতে আসার পরিস্থিতিতে এ তদন্ত কমিটি গঠিত হয়েছে। কমিটির সদস্যরা ঈদুল আযহার পর বিশ্ববিদ্যালয়ে সরেজমিনে যাবেন বলে তিনি জানান। এদিকে ড. সাইফুদ্দিন শাহ ভিসি'র পদ থেকে বিদায় নেয়ার পর গত তিনদিনেও এই পদে সরকার কাউকে দায়িত্ব দেয়নি। বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্র জানায়, গতকাল বিকেল পর্যন্ত নতুন ভিসি'র নিয়োগ বা কাউকে দায়িত্ব পালনের কোন প্রজ্ঞাপন এসে পৌঁছায়নি। এ ব্যাপারে যোগাযোগ করা হলে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. ফারুকুজ্জামান বলেন, উপাচার্যের দায়িত্ব পালনের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে তাকে কোন নির্দেশনা দেয়া হয়নি।